একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

08-05-2018 Liqkat

Ms. Sayeeda Begum PS. 06/05/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল
পরিসংখ্যান ভবন, ৭ম তলা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

তারিখ : ২৩/০১/১৪২৫ ব.
০৬/০৫/২০১৮ খ্রি.

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬(অংশ-০২)- ২৪৭

বিষয়: মার্চ/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৫/০৪/১৮ খ্রি.
সময়	:	বিকাল ০৩:০০ টা
স্থান	:	সম্মেলন কক্ষ,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সভাপতি	:	জনাব এ. বি. এম. আরশাদ হোসেন, উপ-মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে অত্র সেলের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ আজগর আলী বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ		সভাপতির নির্দেশে সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত মোট পত্রাদির মধ্যে সেন্সাস উইংয়ের একটি অনিষ্পন্ন বিষয়ে বিবিএস এর CPO বলেন, বিষয়টি মরহুম দবিরউদ্দিন, ডিই/সিও, সেন্সাস উইংয়ের "পেনশন বিষয়ক"। জনাব দবিরের ১ম স্ত্রীর ১ ছেলে/১ম মেয়ে পেনশন প্রাপ্তির জন্য দবিরের ২য় স্ত্রীর বিরুদ্ধে দেওয়ানী মোকদ্দমা নং ২১১/১৫ দায়ের করেন। অত:পর বিবিএস অফিস কর্তৃপক্ষ দবিরের ২য় স্ত্রী ফারহানা আক্তারের পক্ষে মামলার জবাব দেন। বিজ্ঞ আদালত দবিরের ২য় স্ত্রীর পক্ষে রায় দেন। অত: পর দবিরের ১ম স্ত্রীর ১ ছেলে/১ম মেয়ে রায়ের বিরুদ্ধে মোকদ্দমা নং ১৩৬/১৬ দায়ের করেন এবং দায়েরকৃত মামলায় জনাব দবিরের ২য় স্ত্রীর স্বাক্ষর করে দেন। নোটিশ প্রাপ্তির পর দবিরের ২য় স্ত্রী মামলায় স্বাক্ষর করেন নাই বলে জনাব দবিরের ১ম স্ত্রীর ছেলের বিরুদ্ধে আদালতে অভিযোগ করেন। আদালত জাল স্বাক্ষরের জন্য মামলাটি খারিজ করেন। বর্ণিত অবস্থায় জনাব দবিরের ২য় স্ত্রী খারিজ মামলার সার্টিফাইড কপি উত্তোলন করতঃ সম্পূর্ণ পেনশন দাবী করেন। তবে খারিজকৃত উঠানো মামলার সার্টিফাইড কপিতে মামলার তফসীল উল্লেখ না থাকায় পেনশন দেওয়ার বিষয়ে বিতর্কিত হওয়ায় আইন মন্ত্রণালয়ের মতামতের জন্য পত্র দেওয়া হয়। বর্তমানে আইন মন্ত্রণালয়ের মতামতের জন্য বিষয়টি অপেক্ষমান রয়েছে।	বিষয়টি দ্রুত নিষ্পত্তিকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	কনটাক্ট পয়েন্ট অফিসার, আইন সেল

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৩)	অডিট আপত্তি-নিষ্পত্তি সংক্রান্ত উপজেলায় অডিট আপত্তি	উপ-পরিচালক জনাব হেফজুর রহমান বলেন, তৎকালীন কৃষি শুমারি প্রকল্পের কর্মচারীদেরকে বিভিন্ন উপজেলায় বদলী করা হয়। সে সময় তারা সংশ্লিষ্ট উপজেলার রাজস্ব খাত হতে বেতন ভাতাদি আহরণ করায় সমস্যাটির উদ্ভব হয়েছে। সভাপতি বলেন অডিট আপত্তি নিষ্পত্তি ধীর গতিতে হচ্ছে। কোন সভা ডাকা হয়নি এবং বিষয়টির প্রতি যথেষ্ট গুরুত্ব দেয়া হয়নি। জনাব আমজাদ হোসেন যুগ্ম-পরিচালক রংপুর বিভাগ বলেন, বিষয়টি সংশ্লিষ্ট প্রকল্প থেকে বা অন্য কোন উপায়ে মীমাংসা করা যেতে পারে। এ জন্য দ্বি-পক্ষীয় সভা আহ্বান করা দরকার।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে সভার সদস্য-সচিব করা যেতে পারে। প্রয়োজনে মহাপরিচালক মহোদয় সভাপতি হবেন। সহযোগী সদস্য হিসেবে পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস থাকবেন। প্রতি ১৫ দিনে ১ বার সভা করতে হবে। সেটা হবে ২য় বৃহস্পতিবার বিকেল ৪:৩০ মি., যদি ছুটির দিন থাকে তাহলে পরের রবিবারে সভা হবে এবং সভাগুলো মাসিক সমন্বয় সভার আগে সম্পন্ন করতে হবে। মাসে অন্তত দু'টি আপত্তির নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (অর্থ) এফএ অ্যান্ড এমআইএস
(০৪)	কোর্টে চলমান মামলা সম্পর্কিত বিষয়	কোর্টে চলমান মামলার বিষয়ে দায়িত্ব প্রাপ্ত বিবিএস এর CPO বলেন বর্তমানে ৩১টি মামলা চলমান রয়েছে। তবে নিষ্পত্তিকৃত মামলা ৪৪টি এর মধ্যে ৪২টির রায় সরকার পক্ষে হয়েছে। বাকী ২টি আপীল পর্যায়ে রয়েছে।	সকল মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	যুগ্ম-পরিচালক এফএ অ্যান্ড এমআইএস ও কনটাক্ট পয়েন্ট অফিসার, আইন সেল
(০৫)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	(ক) সমাপ্ত প্রকল্পের গাড়ীগুলোর কাগজপত্র সঠিকভাবে সংরক্ষণ করা হয়নি। যে গাড়ীগুলো অচল সেগুলোর কোন কাগজপত্র দরকার নেই। প্রয়োজনে সেগুলোর তালিকা করে নিলাম করে দিতে হবে। (খ) পরিচালক এগ্রিকালচার উইং এবং প্রকল্প পরিচালক কৃষি, মৎস্য ও প্রাণি শুমারি প্রকল্প-২০১৮ জনাব জাফর আহাম্মদ খান বলেন, কৃষি শুমারি হতে গাড়ীর জ্বালানীর ব্যবস্থা করা যেতে পারে। তবে এক্ষেত্রে এফ এ অ্যান্ড এমআইএস হতে একটি আদেশ জারি করতে হবে। উপপরিচালক জনাব আজাদুল ইসলাম এ প্রসঙ্গে বলেন, সংশ্লিষ্ট প্রকল্প দলিলে তা উল্লেখ থাকতে হবে।	(ক) যে সকল অচল গাড়ীর প্রয়োজনীয় কাগজপত্র নেই সেগুলো নিলামের ব্যবস্থা করতে হবে। (খ) ৪৮টি গাড়ীর জ্বালানী সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (সমন্বয়), এফএ অ্যান্ড এমআইএস
(০৬)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত বিষয়ে সভাপতি মহোদয় বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে কিছু সংশোধনপূর্বক কাগজ পত্র প্রেরণ করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিবিএস এর অর্গানোগ্রাম প্রেরণ করা হয়েছে।	জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সুপারিশকৃত অর্গানোগ্রাম এলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস
(০৭)	বিবিএস এর জনবল নিয়োগ	(ক) মুক্তিযোদ্ধা কোটায় ৯০ জনের মধ্যে ৬০ জনের নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত হয়েছে। তবে ১ জনের নামের বানানে গড়মিল থাকায় তা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ে যাচাই বাছাই এর জন্য পাঠানো হবে। দু'টি আলাদা নিয়োগ প্রক্রিয়া যথাক্রমে ২৪৫ ও ৫৯৩ জনবলের ব্যাপারে কোর্টে মামলা চলমান রয়েছে। নতুন ১৫৫ জনের নিয়োগের ছাড়পত্র পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে পেলেই নিয়োগ প্রক্রিয়া শুরু হবে। (খ) বিবিএস এর ক্যাডার পদে পরিচালক, যুগ্ম পরিচালক এবং নন-ক্যাডার এর বিভিন্ন পদসমূহে যথা পরিচালক, যুগ্ম পরিচালক, উপপরিচালক দ্রুত পদোন্নতির বিষয়ে আলোকপাত করেন পরিচালক এফএ অ্যান্ড এম আইএস জনাব আবদুল কাদির মিয়া ও উপপরিচালক জনাব মোঃ হেফজুর রহমান।	(ক) মুক্তিযোদ্ধা কোটায় ৬০ জনের ১৩/০৫/২০১৮ তারিখের মধ্যে যোগদান সম্পন্ন হবে। ব্যাপক আয়োজনের মাধ্যমে এফএ অ্যান্ড এমআইএস এবং এসএসটিআই যৌথভাবে আগামী ১৬/০৫/২০১৮ তারিখে যোগদানকৃত কর্মচারীদের ট্রেনিং এর উদ্বোধনী অনুষ্ঠান সম্পন্ন করবেন। (খ) ক্যাডার এবং নন-ক্যাডার নির্বিশেষে পরিচালক, যুগ্ম-পরিচালক এবং উপ-পরিচালক পদে দ্রুত পদোন্নতির ব্যবস্থা করতে হবে।	মহাপরিচালক বিবিএস

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৮)	বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন	পরিচালক, প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল (উন্নয়ন শাখা) বলেন, এ পর্যন্ত ৩টি জেলা হতে সংশ্লিষ্ট বিষয়ে চাহিত তথ্য পাওয়া গিয়েছে। যুগ্ম পরিচালক ,সিলেট বিভাগ মোঃ আনিসুজ্জামান বিষয়টি স্পষ্ট নয় এ মর্মে সভাকে অবহিত করলে সভাপতি মহোদয় স্থানীয় জমির সিলিং যথা ভিটি, নাল, ডোবা প্রভৃতি শ্রেণীতে দাম দস্তর ঠিক করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের কথা বলেন।	পরিচালক প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল (উন্নয়ন শাখা) বিষয়টি দেখবেন।	পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল
(০৯)	ক)শুদ্ধাচার সংক্রান্ত প্রতিবেদন	সভাপতি প্রত্যেক কাজে শুদ্ধাচার অবলম্বন করা এবং এর ব্যবহারিক অনুশীলন করা প্রত্যেকের অবশ্য কর্তব্য বলে সভাকে অবহিত করেন।	কর্মকর্তা এবং কর্মচারী উভয় লেভেলেই ট্রেনিং এর আয়োজন করতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে গত ৩০/০৪/১৮ তারিখে ট্রেনিং সম্পন্ন করা হয়েছে।	পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল
	খ)উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য	সভাপতি বলেন, আসলে উদ্ভাবন বলতে কি বোঝায় তা পরিষ্কার হওয়া প্রয়োজন। বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা' -২০১৮ এর বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরবরাহকৃত 'ছক', ফাইলের মাধ্যমে মহাপরিচালক মহোদয়ের নিকট হতে অনুমোদন নিতে হবে। তিনি আরও বলেন, উদ্ভাবনী কর্মপরিকল্পনা বার্ষিক Action plan অনুযায়ী কাজ চলছে। তিনি আরও বলেন বিভাগ ও জেলা পর্যায়ে এ ব্যাপারে কেউ উদ্যোগ গ্রহণ করলে তা কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হয়েছে। এখন পর্যন্ত কেউ কোন উদ্যোগ গ্রহণ করেননি। তবে যুগ্ম-পরিচালক,বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বরিশাল জনাব মুহাম্মদ মিঝানুর রহমান হাওলাদার এ ব্যাপারে একটি উদ্ভাবনী আইডিয়ার কথা জানিয়েছেন।	কর্মচারী পর্যায়েও উদ্ভাবনী কার্যক্রম চালু করতে হবে এবং এ কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী অব্যাহত রাখতে হবে।	
(১০)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	সভাপতি বলেন এটা মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের সাথে সরাসরি সম্পৃক্ত বিধায় এ কার্যক্রম বাস্তবায়নের জন্য অধিকতর যত্নবান হতে হবে এবং সতর্কতার সাথে সকলের এ কাজ করা উচিত। তিনি ই-ফাইলিং এর উপর রিফ্রেশার ট্রেনিং কার্যক্রম অব্যাহত রাখার কথাও বলেন। পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল ও কম্পিউটার উইং বলেন, ফেব্রুয়ারি/২০১৮ এর তুলনায় মার্চ/২০১৮ মাসে ই-ফাইলিং এর ব্যবহারে অগ্রগতি সাধিত হয়েছে। তবে উঠতি-পড়তি অবস্থান থাকেতেই পারে, কারণ সব সময় কাজের ধরন এক নয়; বর্তমানে ১৭৯ টি দপ্তরের মধ্যে বিবিএসের অবস্থান ২২তম।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ইন্টারনেট গতি বাড়ানোর ব্যাপারে আরও তৎপর হতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(১১)	উপজেলা পরিসংখ্যান অফিসসমূহে ফিক্সড় টেলিফোন সংযোগ স্থাপন	উপজেলা পরিসংখ্যান অফিসসমূহে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রযুক্তিগত অবকাঠামোর মধ্যে টেলিফোন অত্যন্ত জরুরী। অধিকাংশ উপজেলায় টেলিফোন সংযোগ নেই। ২০০ টি উপজেলা পরিসংখ্যান অফিসে টেলিফোন সংযোগ রয়েছে। অবশিষ্ট অফিসসমূহে ফিক্সড় টেলিফোন সংযোগ স্থাপন বিষয়ে পরিচালক কম্পিউটার উইং জনাব ঘোষ সুব্রত সভায় প্রস্তাব পেশ করেন। যুগ্মপরিচালক,ময়মনসিংহ বিভাগ জনাব সালমা হাসনায়েন বলেন আবেদনের ৩ মাস পরেও বিষয়টি সুরাহা হয়নি। সভাপতি বিষয়টি দু:খজনক এবং বিব্রতকরও বটে বলে সভায় মন্তব্য পেশ করেন। এ ব্যাপারে সভাপতি অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) এর প্রকল্প পরিচালক জনাব যতন কুমার সাহার দৃষ্টি আকর্ষণ করেন এবং এ বিষয়ে প্রকল্প থেকে কোন ব্যবস্থা করা যায় কিনা তা সভায় উপস্থাপন করেন। এ	যে সমস্ত উপজেলা পরিসংখ্যান অফিসে টেলিফোন সংযোগ নেই সে সমস্ত উপজেলায় টেলিফোন সংযোগ ও সেটের ব্যবস্থা করতে হবে। অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প হতে উপজেলা পরিসংখ্যান অফিসে টেলিফোন সংযোগের ব্যবস্থা করবেন।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		ব্যাপারে প্রকল্প পরিচালক, অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) জনাব যতন কুমার সাহা বলেন, টেলিফোন সংযোগ দেয়া যেতে পারে।		
(১২)	ইন্টারনেট ব্যবস্থা, জিও কোড, ওয়েব পোর্টাল সংক্রান্ত	পরিচালক, কম্পিউটার উইং জনাব ঘোষ সুব্রত বলেন বর্তমান ইন্টারনেট গতি ১০০ Mbps করা হয়েছে এবং অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (ODAN) প্রকল্প থেকে ৩০ Mbps এর একটি Redundant সংযোগ রাখা হয়েছে। বর্তমানে সব সময় ৬০ Mbps থাকে। তবে পুরনো LAN এর পরিবর্তে বেশ কিছু নতুন LAN প্রতিস্থাপন করা হচ্ছে। তথ্য প্রাপ্তি সাপেক্ষে ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়।	পরিসংখ্যান ভবনে ইন্টারনেটের গতি বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(১৩)	পরিসংখ্যান পকেট বুক ২০১৭, পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭, মাসিক পরিসংখ্যান বুলেটিন প্রকাশ সংক্রান্ত।	পরিসংখ্যান পকেট বুক ২০১৭ সংখ্যার তথ্য ধারণ শেষে এডিটিং এর কাজ চলছে এবং এডিটিং সম্পাদন হলে মুদ্রণের কাজ হবে।	যথাসময়ে পরিসংখ্যান পকেট বুক ২০১৭ এবং পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭ প্রকাশ করতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং
(১৪)	(ক) মন্ত্রিপরিষদের মাসিক কর্মকাণ্ডের প্রতিবেদন (খ) বিবিএস এর বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত	(ক) পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল জনাব ঘোষ সুব্রত বলেন, যথাসময়ে উইং ও প্রকল্প হতে মন্ত্রিপরিষদের মাসিক কর্মকাণ্ডের প্রতিবেদন সংশ্লিষ্ট সেলে না আসায় তথ্যাদি বিলম্বে প্রেরণ করার কারণে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে বিরূপ মন্তব্য করা হয়েছে। (খ) বিবিএস এর প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনে সরকারের উন্নয়ন সংক্রান্ত যাবতীয় তথ্য ও ছবি সম্বলিত প্রতিবেদনও নির্দিষ্ট সময়ে দেয়ার জন্য বলা হয়।	(ক) প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদের মাসিক কর্মকাণ্ডের প্রতিবেদন প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেলে জমা দিতে হবে। (খ) বার্ষিক প্রতিবেদন এর তথ্য আগামী ৭ দিনের মধ্যে প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেলে জমা দিতে হবে।	পরিচালক (সকল)
(১৫)	বিবিধ (ক) পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকী প্রসঙ্গে (খ) ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত (গ) হেড অফিসে প্রশিক্ষণকালীন মাঠ পর্যায়ের কর্মচারীদের আবাসন ব্যবস্থা প্রসঙ্গে	(ক) সভাপতি বলেন পরিসংখ্যান ভবনের সৌন্দর্য বর্ধনের জন্য রঙকরণ কাজ শেষ হয়েছে। (খ) ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ কিছুটা অগ্রগতি সাধিত হয়েছে। ভারপ্রাপ্ত সচিব মহোদয় অফিসে আগমনকালীন সময়ে অভ্যর্থনা ডেস্ক এর অনেককেই কর্তব্যরত অবস্থায় দেখতে পাওয়া যায়নি। সভাপতি বলেন, হেড অফিসে প্রশিক্ষণকালীন মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের আবাসন ব্যবস্থা না থাকায় তাদের সমস্যা হচ্ছে। অন্তত ৩০/৪০ জন প্রশিক্ষণার্থীর সার্বক্ষণিক থাকার ব্যবস্থা করা যায় এমন একটি ব্যবস্থা করতে হবে। তবে কাজটি করা অত্যন্ত দুরূহ ব্যাপার। এজন্য ভবন তৈরীর মূল নকশা প্রয়োজন। SID-এ একটি কমিটি গঠন করা হয়েছে। তারা কাজ চালিয়ে যাচ্ছে। এতে দুই ধরনের পরিকল্পনা যথা Short term ও Long term গ্রহণ	(ক) মাঠ পর্যায়ের তদারকীর কাজ অব্যাহত রাখতে হবে। (খ) ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণের জন্য অভ্যর্থনা ডেস্ক এ সার্বক্ষণিক লোক থাকতে হবে এবং এ কাজে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদেরকে সকাল ৯:০০ ঘটিকার আগেই আসতে হবে। (গ) ভবন তৈরীর মূল নকশা সংশ্লিষ্ট সংস্থা হতে সংগ্রহ করতে হবে। প্রয়োজনে একটি টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্ম সচিব জনাব মোঃ তরিকুল আলমকে ভবন তৈরির নির্মাণ সংস্থা হতে নকশা সংগ্রহ করার জন্য বলা হয়েছে।		

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১২/২০১৮

এ. বি. এম. আরশাদ হোসেন
উপ-মহাপরিচালক ও সভাপতি
(অতিরিক্ত সচিব)